ত্রিপুরা সরকার তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২**১**৮ আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"জিবি হাসপাতালে ক্যান্টিন ভাড়ার ১ কোটি টাকা কোষাগারে জমা পড়েনি", এই শিরোনামে গত ২৫ মার্চ, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। জিবি হাসপাতালের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণে জানানো হয়েছে, এখন পর্যন্ত "আরোমা হসপিটালিটি" নামক ক্যান্টিনের ২৮ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত ৩৪ লাখ ৮ হাজার টাকা এবং "কফি ডে বেভারেজ" নামক ক্যান্টিনের ৩১ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ৩ লাখ ৩০ হাজার ৯৩৫ টাকা বকেয়া আছে। এই ব্যাপারে ওই দুটি ক্যান্টিন সংস্থাকে জিবি হাসপাতালের পক্ষ থেকে ৭ মার্চ ২০২৫ এবং ২১ নভেম্বর, ২০২৪ রিমাইন্ডার লেটার ইস্যু করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোনো উত্তর আসেনি। এই দুইটি সংস্থা ছাড়াও আরো দুইটি ক্যান্টিন সংস্থার বকেয়া বিল থাকায় ওই দুটি ক্যান্টিনকে তুলে দেয়া হয় এবং তাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেয়া হয়। মামলার রায় জিবি হাসপাতালের পক্ষে গেলেও এখন পর্যন্ত ওই দুইটি ক্যান্টিন সংস্থা বেকয়া কোনো টাকা জমা দেয়নি।
